

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার নং-১১

১২ আশিন ১৪২৫

তারিখ : -----

২৭ সেপ্টেম্বর ২০১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে নিবন্ধিত সকল ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক এজেন্ডা বহির্ভূত বিষয় বিবেচনা না করা প্রসঙ্গে।

ব্যাংকের পর্ষদ সভায় এজেন্ডা বহির্ভূত বিষয় উপস্থাপিত হলে পর্ষদের সকল সদস্য উপস্থাপিত বিষয় সম্পর্কে পূর্ব হতে অবহিত থাকার সুযোগ পান না। এতে পরিচালকগণ উপস্থাপিত বিষয়ের বিভিন্ন দিক পর্যালোচনাপূর্বক মতামত প্রদানের সুযোগ থেকে বাধিত হন। তাছাড়া, পর্ষদে কোন প্রস্তাব উপস্থাপনের পূর্বে ব্যাংক কর্তৃক প্রস্তাবটির বিভিন্ন দিক বিচার বিশ্লেষণ করা হয়। এক্ষেত্রে সে সুযোগও থাকে না। তাই এজেন্ডা বহির্ভূত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ফলে ব্যাংক ও আমানতকারীদের স্বার্থ বিন্ধিত হওয়ার সম্ভাবনা থাকে।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, এজেন্ডা বহির্ভূত কোন বিষয় পর্ষদ কর্তৃক বিবেচনা না করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। অতীব জরুরী কোন বিষয় যদি একান্তই বিবেচনা করতে হয় সেক্ষেত্রে যথাযথ যুক্তি কার্যবিবরণীতে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

০৩। এ সার্কুলারটি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৪। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে এই সার্কুলার জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২